**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 06-03-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ

১) পশ্চিমবঙ্গ থেকে রাজ্যসভার পাঁচটি আসনে নির্বাচনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হচ্ছে। পর্যবেক্ষক হিসাবে উপস্থিত রয়েছেন সিইও মনোজ কুমার আগারওয়াল।

২) বেশ কিছু আধিকারিকের গাফিলতির কারনেই রাজ্যে অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা থেকে অযৌক্তিক ভাবে বহু মানুষের নাম বাদ পড়েছে বলে নির্বাচন কমিশন দাবি করেছে।

৩) এরাজ্যে বিজেপির পরিবর্তন যাত্রা চলছে। কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড় থেকে আজ এই যাত্রার সূচনা করবেন।

৪) হস্ত শিল্পীদের আয় বৃদ্ধির জন্য রাজ্য সরকার গত ১৫ বছরে কোনো উদ্যোগ নেয়নি বলে কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং অভিযোগ করেছেন। তিনি আজ কলকাতায় পাট ও বস্ত্র শিল্পের বিভিন্ন সংস্থার আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন।

৫) নবম আন্তর্জাতিক সাঁওতাল আদিবাসী সম্মেলনে যোগ দিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল রাজ্য সফরে আসছেন।

৬) যুবভারতী ক্রিড়াঙ্গণে আজ আইএসএল ফুটবলে মোহনবাগান, ওড়িশা এফসির মুখোমুখি হবে।

-----------------------------------------------------------------------------------------------

রাজ্যসভায় পশ্চিমবঙ্গ সহ **১০**টি রাজ্যের **৩৭**টি আসনে নির্বাচনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হচ্ছে। পশ্চিমবঙ্গে পাঁচটি আসনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি  বিধানসভা ভবনে যাচাই করা হচ্ছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল বিধানসভা ভবনে নিজে উপস্থিত থেকে মনোনয়ন পরীক্ষার কাজে তদারকি করছেন। মনোনয়ন পত্রে কোনো ত্রুটি থাকলে তা বাতিল হতে পারে। সেই কারণে এই স্ক্রুটিনির কাজ জরুরি বলে তিনি জানিয়েছেন।

(বাইট-মনোজ)

রাজ্যসভার পাঁচ আসনে তৃণমূল কংগ্রেসের চারটি ও বিরোধী বিজেপির একটি মনোনয়ন জমা পড়েছে। তবে বিজেপি প্রার্থী রাহুল সিনহার মনোনয়ন পত্রে প্রাথমিকভাবে কিছু ত্রুটি থাকায় তা সংশোধন করতে বলা হয়। পরে অবশ্য রাহুল বাবু নিজের মনোনয়ন জমা দেন। তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে প্রার্থী করা হয়েছে প্রাক্তন ডিজি রাজীব কুমার, রাজ্যের মন্ত্রী ও গায়ক বাবুল সুপ্রিয়, অভিনেত্রী কোয়েল মল্লিক ও সুপ্রিম কোর্টের আইনজীবি মেনকা গুরুস্বামীকে।

উল্লেখ্য, ৯ই মার্চ পর্যন্ত মনোনয়ন প্রত্যাহার করা যাবে। ভোটগ্রহণ **১৬**ই মার্চ। সেদিনই ফলাফল ঘোষণা করা হবে।

-----------------------

বেশ কিছু আধিকারিকের গাফিলতির কারনেই রাজ্যে চূড়ান্ত ভোটার তালিকা থেকে অযৌক্তিকভাবে বহু মানুষের নাম বাদ পড়েছে বলে নির্বাচন কমিশন দাবি করেছে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানানো হয়েছে, অনেক ক্ষেত্রে দেখা গিয়েছে বুথ লেভেল অফিসার (বিএলও), অ্যাসিস্ট্যান্ট ইলেকটোরাল রেজিস্ট্রেশন অফিসার (এইআরও), ইলেকটোরাল রেজিস্ট্রেশন অফিসার (ইআরও) এবং জেলা নির্বাচনী আধিকারিকরা কমিশনের নির্দেশ অনুযায়ী কাজ করেননি। ফলে বহু ভোটারের তথ্য সঠিকভাবে আপলোড হয়নি এবং সেই কারণেই অনেকের নাম চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়নি। এই ধরনের অনিয়মের জন্য দায়ী আধিকারিকদের চিহ্নিত করার কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে, যাঁদের ক্ষেত্রে এই ধরনের অসঙ্গতি হয়েছে তাঁরা যদি লিখিতভাবে অভিযোগ জানান, তা হলে সংশ্লিষ্ট আধিকারিকদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে। তবে অভিযোগ না এলেও কমিশন নিজস্ব তদন্তের ভিত্তিতে দায়ীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করবে।

----------------------

বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে আগামী রবিবার রাজ্যে আসছে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ। কমিশনের পক্ষ থেকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে পাঠানো এক চিঠিতে জানানো হয়েছে, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ ওই দিন রাতে কলকাতা বিমান বন্দরে পৌঁছবেন। পরদিন তাঁরা প্রথমে স্বীকৃত জাতীয় ও রাজ্য স্তরের দলগুলির প্রতিনিধি এবং আইন বলবতকারী সংস্থাগুলির নোডাল অফিসারদের সঙ্গে বৈঠক করবেন। পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতি, কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, সংকটপ্রবণ বুথ চিহ্নিত করা সহ বিভিন্ন বিষয়ে কমিশনের সদস্যরা কথা বলবেন, IG, DIG, পুলিশ কমিশনার, পুলিশ সুপার ও জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে।

১০’ই মার্চ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ বৈঠক করবেন প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে। ওইদিনই ব্লক লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা।

এদিকে, ৮’ই মার্চ রবিবারই দিল্লি থেকে কলকাতায় পৌছবেন সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল’ও। ওই দলে থাকছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সী ও ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল। এই দলটি ভোটের প্রস্তুতি এবং নির্বাচন কমিশনের কর্মসূচি নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সঙ্গে সমন্বয় সাধন করবে।

-----------------------

এদিকে, আসন্ন বিধানসভা নির্বাচনে শিলিগুড়ি কলেজ DCRC কেন্দ্র হিসেবে ব্যবহার করা হবে। আজ ওই কেন্দ্র পরিদর্শনে যান জেলা নির্বাচনী আধিকারিক মণীশ মিশ্রা, পুলিশ কমিশনার সি সুধাকর, মহকুমা শাসক বিকাশ রুহেলা সহ অন্যান্য আধিকারিকরা।প্রশাসনের তরফে জানানো হয়েছে, তিনটি বিধানসভা কেন্দ্রের জন্য এই কলেজেই স্ট্রং রুম, কাউন্টিং সেন্টার এবং ডিসিআরসি ভেন্যু তৈরি করা হবে।

-----------------------

পশ্চিমবঙ্গ জুড়ে বিজেপির পরিবর্তন যাত্রা চলছে।

কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং আজ পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড় বিধানসভা কেন্দ্রে পরিবর্তন যাত্রার সূচনা করবেন। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সেখানে উপস্থিত থাকবেন।

আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম বিধানসভা কেন্দ্রে পরিবর্তন যাত্রায় অংশ নেবেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিধায়ক শংকর ঘোষ, সাংসদ জয়ন্ত রায় প্রমুখ।

উত্তর দিনাজপুরে হেমতাবাদ বিধানসভা কেন্দ্রে পরিবর্তন যাত্রায় উপস্থিত থাকবেন প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী নিশিথ প্রামাণিক, সাংসদ কার্তিক পাল, খগেন মুর্মু প্রমুখ।

মুর্শিদাবাদের বরহমপুরে যোগ দেবেন রূপা গাঙ্গুলী, জগন্নাথ সরকার প্রমুখ।

বনগাঁর স্বরূপনগরে উপস্থিত থাকবেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর, রাহুল সিনহা, লকেট চট্টোপাধ্যায় প্রমুখ।

দক্ষিণ ২৪ পরগণার জয়নগরে পরিবর্তন যাত্রায় নেতৃত্ব দেবেন ত্রিপুরর প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব।

হাওড়ার বালি বিধানসভা কেন্দ্রে আজ পরিবর্তন যাত্রায় যোগ দেবেন বিজেপি নেতা মনোজ তিওয়ারি, মিঠুন চক্রবর্তী, জ্যোতির্ময় সিং মাহাতো। **পুরুলিয়ার** রঘুনাথপুরে দলের পরিবর্তন যাত্রায় যোগ দেবেন রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য, সুভাষ সরকার প্রমুখ।

**বীরভূমের** বোলপুরে পরিবর্তন সভায় ভাষণ দেবেন সাংসদ সৌমিত্র খাঁ। এদিকে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আগামীকাল **শ্রীরামপুরে** পরিবর্তন যাত্রার সূচনা করবেন।

-----------------------

এসআইআর প্রক্রিয়ায় বৈধ ভোটারদের নাম বাদ দেওয়ার অভিযোগে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ধর্মতলায় প্রতিবাদ ধর্নায় বসছেন। ডোরিনা ক্রসিং-এর কাছাকাছি থেকে এসপ্লানেড মেট্রোর ২ নম্বর গেট পর্যন্ত বাধা হয়েছে মঞ্চ।

দুপুরে মুখ্যমন্ত্রীর ধর্না মঞ্চে পৌঁছনোর কথা। কয়েকদিন আগে এক সাংবাদিক সম্মেলনে দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এই ধর্নার কর্মসূচির কথা ঘোষণা করেন।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির এই কর্মসূচিকে কটাক্ষ করেছেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। বাগডোগরা এয়ারপোর্টে আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, আসন্ন বিধানসভা নির্বাচনে মুখ্যমন্ত্রী, নিশ্চিতভাবে বিরোধী দলনেত্রী হবেন।

----------------------

এসআইআর-এর চূড়ান্ত তালিকায় বৈধ ভোটারদের নাম বাদ পড়ার অভিযোগ তুলে দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘিতে প্রতিবাদে সামিল হয় তৃণমূল কংগ্রেস। দ্রুত সমস্যার সমাধান না হলে বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছে তারা। তৃণমূল মথুরাপুর ২ নম্বর ব্লকে পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ থেকে শুরু করে একাধিক অঞ্চল সভাপতি ও সদস্যের নামও বিবেচনাধীন তালিকায় রাখা হয়েছে তাদের দাবি।

----------------------

কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং বলেছেন, সরকার পাট থেকে বস্ত্র উৎপাদনের পরিকল্পনা হাতে নিয়েছে। তিনি বলেন, বর্তমানে পাট থেকে তৈরি ব্যাগ ব্যবহারের প্রচলন রয়েছে, একইসঙ্গে আগামী দিনে পাট থেকে বস্ত্র তৈরি করা হবে, যা সারা বছরই ব্যবহার করা যাবে। পশ্চিমবঙ্গেই এই উৎপাদনের কাজ শুরু হবে বলে জানান মন্ত্রী। তিনি বলেন, রাজ্যে প্রায় দু লক্ষ হস্তশিল্পী রয়েছেন, যাদের আয় বৃদ্ধির বিষয়ে বিগত ১৫ বছরে কোনো উদ্যোগ নেয়নি রাজ্য সরকার।

বাইট গিরিরাজ

বিজেপি সরকার রাজ্যে গঠন হলে পাট চাষী, শ্রমিক ও হস্ত শিল্পের সঙ্গে যুক্ত মানুষদের আয় বৃদ্ধি পাবে বলে জানান গিরিরাজ সিং। এই জন্য প্রশিক্ষণ এবং এই সংক্রান্ত নানান প্রকল্প হাতে নেওয়া হবে। মন্ত্রী আজ পাট ও বস্ত্র শিল্পের সঙ্গে যুক্ত বিভিন্ন সংস্থার আধিকারিকদের সঙ্গে কলকাতায় এক বৈঠকে মিলিত হন।

---------------------

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, প্রাচীন জ্ঞান ও আধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে ভারত আগামী দিনে অন্যতম নৌ শক্তি হিসাবে আত্মপ্রকাশ করবে। রাজনাথ সিং আজ কলকাতায় সমুদ্র সংক্রান্ত প্রতিরক্ষা আলোচনা সাগর সংকল্প – ভারতের নৌ শক্তি পুনঃস্থাপন শীর্ষ আলোচনায় যোগ দেন। গার্ডেনরীচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং জিআরএসই এক বেসরকারি সংবাদ সংস্থার সঙ্গে যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করেছে।

---------------------

নবম আন্তর্জাতিক সাঁওতাল আদিবাসী সম্মেলনে যোগ দিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল পশ্চিমবঙ্গ সফরে আসছেন। রাষ্ট্রপতির সচিবালয় থেকে প্রকাশিত সংশোধিত সফরসূচি অনুযায়ী, তিনি বাগডোগরা বিমানবন্দরে নেমে সড়কপথে বিধাননগরের গোঁসাইপুর সংলগ্ন এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার ময়দানে আয়োজিত অনুষ্ঠানস্থলে পৌঁছবেন। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে ভাষণ দেওয়ার পাশাপাশি রাষ্ট্রপতি সেখানে একটি শাল চারা রোপণ করবেন। অনুষ্ঠান শেষে দুপুরে তিনি দিল্লির উদ্দেশে রওনা দেবেন। রাষ্ট্রপতির এই সফরকে কেন্দ্র করে শিলিগুড়ি ও সংলগ্ন বিধাননগর এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

-----------------------

যাত্রী স্বাচ্ছন্দ্য বাড়াতে রাজ্য সরকার তাদের হাতে থাকা পুরনো বাস সংস্কারের উদ্যোগ নিয়েছে। রাজ্য সরকারের সংস্থা দ্য শালিমার ওয়ার্কস লিমিটেড হাওড়ায় তাদের কর্মশালায় বাসগুলির পূর্ণাঙ্গ সংস্কারের কাজ করবে। অনেক বাস এখনও যান্ত্রিকভাবে সচল থাকলেও বডি ও অভ্যন্তরীণ অংশে বড় মেরামতির প্রয়োজন রয়েছে। সেই বাসগুলিকেই নতুন করে সংস্কার করে আবার পরিষেবায় ফিরিয়ে আনার পরিকল্পনা নেওয়া হয়েছে। পরিবহণ দপ্তর সূত্রে জানা গিয়েছে, দশ মিটার পর্যন্ত দৈর্ঘ্যের বাস সংস্কারে শ্রম ব্যয় ধরা হয়েছে প্রায় ৬ লক্ষ ৭৪ হাজার টাকা। দশ মিটারের বেশি দৈর্ঘ্যের বাসের ক্ষেত্রে সেই খরচ প্রায় ৮ লক্ষ ১২ হাজার টাকা হতে পারে। প্রতিটি বাস সংস্কারে প্রায় চল্লিশ দিন সময় লাগতে পারে সংস্কারের কাজ শেষ হলে বাসগুলিকে পরীক্ষা করে তবেই আবার রাস্তায় নামানো হবে।

-----------------------

বকেয়া বেতনের দাবিতে মুর্শিদাবাদের ফারাক্কা ব্লকের ডিয়ার ফরেস্ট ফেরিঘাটে নৌকা চলাচল বন্ধ করে দিয়েছেন মাঝিরা। এর জেরে সকাল থেকেই চূড়ান্ত দুর্ভোগে নিত্যযাত্রী থেকে শুরু করে স্কুল পড়ুয়া, ব্যবসায়ী ও শ্রমিকরা। মাঝিদের অভিযোগ, তৃণমূল কংগ্রেস পরিচালিত পঞ্চায়েত সমিতি, মাসিক ৯ হাজার টাকা বেতন দেওয়ার প্রতিশ্রুতি দিলেও বাস্তবে তারা পেতেন ৮ হাজার টাকা করে। যদিও সেই বেতন গত পাঁচ মাস ধরে বন্ধ। বকেয়া টাকা মেটানো এবং বেতন কাঠামো ঠিক না হওয়া পর্যন্ত তাঁরা কাজে ফিরবেন না বলে হুঁশিয়ারি দিয়েছেন।

-----------------------

আইএসএল ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, ওড়িশা এফসি'র মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

মোহনবাগান টানা তিন ম্যাচে জিতে ৯ পয়েন্ট সংগ্রহ করে লিগ টেবিলের শীর্ষে রয়েছে। অন্যদিকে, ওড়িশার দুই ম্যাচে পয়েন্ট দুই। এখনও তারা জয়ের মুখ দেখেনি।

----------------------

রবিবার থেকে রাজ্যের বেশ কয়েকটি জেলায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে আগামীকাল পর্যন্ত সর্বনিম্ন তাপমাত্রা দু থেকে চার ডিগ্রি পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৩ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ২ দশমিক ৩ ডিগ্রি বেশি। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, প্রায় স্বাভাবিক।

---------------------- ----------------------